পুজোর collection এসে গেছে
Sreeleathers CONTAI
মান্না সিটি কমপ্লেক্স :: কাঁথি :: পূর্ব মেদিনীপুর
Mob:- 7098142559/ 9735485299

অবিভক্ত মেদিনীপুর জেলার প্রথম দৈনিক

# তীরভূমি

গৌরবের ৪৪ বছর

e-mail : teerbhumi@gmail.com

TEERBHUMI (Daily)* 45th Year * Issue 178 * THURSDAY * 15 September, 2022 * Price Rs.3.00 RNI NO.37279/81

৪০ বছর আপনাদের সাথে সবার সেরা সবার প্রিয় কেনাকাটা যেখানে রাজকীয়।
পাঞ্জাব ফ্যাশন
A Complete Family Shop
কাঁথি, হাজী ও দেওয়ান মার্কেট
ফ্যাশন টেলারিং
For জেন্টস

PHONE - 03220 796038 / Whatsapp- 9434 21 8484 । । বৃহস্পতিবার । । ১৫ই সেপ্টেম্বর, ২০২২ // ২৯ শা ভাদ্র, ১৪২৯ (মূল্য- ৩ টাকা)

## পূর্ব মেদিনীপুরকে ১হাজার কোটির উন্নয়নী ‘পূজা উপহার’ !




উদ্বোধন উপলক্ষ্যে সেজে উঠেছে দীঘা-শৌলা মেরিন ড্রাইভের তাজপুর-মন্দারমণি সংযোগকারী ব্রীজ।

# দিঘা এখন আন্তর্জাতিক ট্যুরিস্ট স্পট ঃ মমতা

স্টাফ রিপোর্টার ঃ তৃতীয়বার মুখ্যমন্ত্রী হওয়ার পর প্রথমবারের জন্য পূর্ব মেদিনীপুর জেলায় এলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। আর পুজোয় পর্যটকদের উপহার দিলেন তাঁর স্বপ্নের দিঘার মেরিন ড্রাইভ। সমুদ্রের ধার বরাবর ২৬ কিলোমিটার দীর্ঘ এই রাস্তা এক সুতোয় জুড়েছে দিঘা, তাজপুর, মন্দারমনি এবং শঙ্করপুরকে। বুধবার নিমতৌড়িতে জেলা প্রশাসনিক বৈঠক থেকে ১৭৩ কোটি টাকার এই প্রকল্পের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় বললেন, “আমি অভিনন্দন জানাচ্ছি সারা পশ্চিমবঙ্গকে। পুজোর আগে উদ্বোধন করে দিলাম। যাতে সবাই আসতে পারেন। দিঘা এখন আন্তর্জাতিক ট্যুরিস্ট স্পট।” বলেন, দিঘা-তমলুক রেলও আমার করে দেওয়া। উল্লেখ্য, ৩০কিলোমিটার লম্বা মেরিন ড্রাইভে থাকছে তিনটি সেতু। একটি শঙ্করপুর সংলগ্ন ন্যায়কালীতে, অন্য দু’টি জলধা এবং শৌলায়। বস্তুত ১৭৩ কোটির বাজেটে ১৬৩ কোটি খরচ হয়েছে এই সেতু তিনটি তৈরি করতেই। বাকি ১০ কোটি খরচ হয়েছে রাস্তা নির্মাণে। সৈকতের সমান্তরাল ওই রাস্তায় যেমন পর্যটকদের মনোরঞ্জন ভ্রমণ হবে। তেমনই দিঘা থেকে শঙ্করপুরের দূরত্বও কমবে। প্রশাসনের আশা, নতুন আকর্ষণের টানে বাড়বে দিঘার পর্যটকও।

বুধবার অবশ্য শুধু মেরিন ড্রাইভ নয়, কার্যত গোটা জেলার উন্নয়নের ডালি সাজিয়ে দেন তিনি। পূর্ব মেদিনীপুরের ৯৫টি উন্নয়ন প্রকল্পের উদ্বোধন করেন মুখ্যমন্ত্রী মমতা। যার মোট মূল্য ৮৭৫ কোটি ৫০ লক্ষ টাকা। এ ছাড়া ৪৭টি প্রকল্পের শিলান্যাসও করেন, যার প্রস্তাবিত মূল্য ২৭৫ কোটি ২৬ লক্ষ টাকা। প্রকল্পগুলির উদ্বোধন করে মমতা বলেন, “প্রায় ১০০০ কোটির প্রকল্প পেল পূর্ব মেদিনীপুর।” তবে একইসঙ্গে মমতা মনে করিয়ে দিয়েছেন নয়াচর ইকো হাব প্রকল্প এবং তাজপুর বন্দরের কথাও। পূর্ব মেদিনীপুরের নয়াচরে ইকো হাব এবং তাজপুর বন্দর জেলায় প্রচুর কর্মসংস্থান করবে বলে জানিয়ে মমতা বলেন, “তাজপুরে পোর্ট হবে। সেখানে অনেক কর্মসংস্থান হবে। নয়াচরে ইকো হাব হবে, সোলার পার্ক হবে সেখানও কাজ পাবেন অনেকে।” ট্যুরিজমে বাংলা বার্লিনের নতুন অ্যাওয়ার্ড পাচ্ছে বলে জানান মুখ্যমন্ত্রী। তিনি বলেন, ‘বেঙ্গল এখন ওয়ার্ল্ড ট্যুরিজম ডেস্টিনেশন স্পট। ২৩ মার্চ বার্লিনে আমাদের সেই অ্যাওয়ার্ড দেওয়া হবে। এটা রাজ্যের একটি বড় ব্যাপার।’ দিঘা ছাড়াও হলদিয়ার নয়াচরে পরিবেশ বান্ধব পর্যটন কেন্দ্র গড়ে তোলার ওপর জোর দেওয়ার পরামর্শ দেন তিনি। মুখ্যমন্ত্রী বলেন, ‘নয়াচরে রাজ্যের হাতে এসেছে। সেখানে ইকো হাব ও সোলার প্লান্ট হবে। নয়াচরে টিম পাঠিয়ে একটু দেখে নিতে হবে।’ নয়াচরে কম খরচে কয়েকটা হোম-স্টে করারও পরামর্শ দেন মুখ্যমন্ত্রী। তাজপুর বন্দরের কাজ শুরু হয়েছে এবং সেখানে প্রচুর কর্ম সংস্থান হবে বলে জানান তিনি। এদিনের প্রশাসনিক বৈঠকে মূলত জেলার বিভিন্ন দপ্তরের উন্নয়নমূলক কাজের পর্যালোচনা করেন এবং খতিয়ে দেখেন মুখ্যমন্ত্রী। জেলা শাসক-সহ বিভিন্ন দপ্তরের প্রশাসনিক আধিকারিকদের মুখ্যমন্ত্রী পরিষ্কার নির্দেশ দেন, কাজ শুরু করলে শেষ করতে হবে। প্রয়োজনে দাঁড়িয়ে থেকে কাজ করতে হবে। সামাজিক পরিষেবা মূলক প্রকল্পগুলির সঙ্গেও প্রশাসন ও জন প্রতিনিধিদের সম্মিলিত ভবে কাজ করতে বলেন মুখ্যমন্ত্রী। এদিনের বৈঠকে আবাস যোজনা, ১০০ দিনের কাজ এবং রাস্তা নির্মাণের কাজে বেশি করে গুরুত্ব দিতে বলেন তিনি। বৈঠকে কাঁথি ১ ব্লকের বিডিও-কে মুখ্যমন্ত্রী বলেন, ‘ওখানে কো-অপারেটিভ ও পুরসভার দিকে লক্ষ্য রাখুন। পুরসভাতে অনেক লোক আছে এবং অনেক দুষ্টুমিও আছে। এগুলো একটু দেখে নিতে হবে। যারা ভাল কাজ করবে সরকার তাদের পূর্ণ মদত দেবে। ভাল কাজ না করলে জনগণ বাধা দেবে, তা অসহনীয়।



বুধবার নিমতৌড়িতে প্রশাসনিক বৈঠকে যোগ দেওয়ার আগে মুখ্যমন্ত্রী মমতা ব্যাণার্জী। — ছবি ঃ জ্ঞানেশ্বর জানা।

## দীঘা-শৌলা মেরিন ড্রাইভ এবার থেকে ‘সৈকত সুন্দরী’

স্টাফ রিপোর্টার ঃ বুধবার নিমতৌড়িতে প্রশাসনিক সভা থেকে ভার্চুয়াল মাধ্যমে বহু প্রতীক্ষিত মেরিন ড্রাইভ রাস্তা ‘সৈকত সুন্দরী’র উদ্বোধন করেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। এই উপলক্ষ্যে এদিন জলধায় নবনির্মিত সেতুর কাছে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। সেখানে উপস্থিত ছিলেন কারামন্ত্রী তথা এলাকার বিধায়ক অখিল গিরি, কাঁথি পুরসভার ভাইস চেয়ারম্যান সুপ্রকাশ গিরি, দেশপ্রাণ পঞ্চায়েত সমিতির সহ-সভাপতি তরুন জানা, উন্নয়ন পর্ষদের প্রশাসক মানস মণ্ডল, রামনগর-২ পঞ্চায়েত সমিতির সদস্য বিজয়শঙ্কর পট্টনায়ক, তালগাছাড়ি-২ গ্রাম পঞ্চায়েতের প্রধান বিশ্বজিৎ জানা সহ অন্যান্য জনপ্রতিনিধিরা। উদ্বোধনের পরই এলাকায় খুশির রেশ ছড়িয়ে পড়ে। কাঁথির শৌলা থেকে দীঘা পর্যন্ত ৩০ কিলোমিটার এই মেরিন ড্রাইভ রাস্তায় তিনটি সেতু রয়েছে। এদিন রাস্তার পাশাপাশি সেতুগুলিরও উদ্বোধন হয়।

## পঁচেট পঞ্চায়েতের নবনির্মিত ভবনের উদ্বোধন মুখ্যমন্ত্রীর

স্টাফ রিপোর্টার ঃ পটাশপুর-২ ব্লকের পঁচেট ৪ নম্বর গ্রাম পঞ্চায়েতের নবনির্মিত পঞ্চায়েত অফিস এর উদ্বোধন হল। বুধবার নিমতৌড়িতে প্রশাসনিক সভা থেকে এই বিল্ডিংয়ের ভার্চুয়াল উদ্বোধন করেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। এতদিন ছোট, অপরিসর ঘরে পঞ্চায়েতের কাজকর্ম চলত। এবার নতুন বিল্ডিং চালু হওয়ায় কাজকর্ম সুবিধা হবে। মানুষ পরিষেবাও সহজে পাবেন।

## নন্দীগ্রাম থানায় ডেপুটেশান বিজেপির

স্টাফ রিপোর্টার ঃ নবান্ন অভিযানে পুলিশি বাধা ও বিরোধী দলনেতা সহ অন্যান্য নেতৃত্বদের গ্রেপ্তারের প্রতিবাদে বুধবার বিজেপির পক্ষ থেকে নন্দীগ্রাম থানায় ডেপুটেশান দেওয়া হয়। বিজেপির অভিযোগ পুলিশ নন্দীগ্রাম থেকে কোন বাস নবান্ন অভিযান কর্মসূচীতে যেতে দেয়নি। পুরো থানা এলাকা জুড়ে বিজেপি নেতাদের ঘরে গিয়ে হেনস্থা করেছে পুলিশ। রাজ্যের পুলিশ মন্ত্রী মমতা ব্যানার্জীর পদত্যাগের দাবীতে বুধবার থানায় ডেপুটেশান কর্মসূচী পালন করা হয়। কর্মসূচীতে নেতৃত্ব দেন সাহেব দাস, গৌতম দাস, শ্যামাপ্রসাদ মাইতি প্রমুখ।

## মুখ্যমন্ত্রীর পরামর্শ

স্টাফ রিপোর্টার ঃপুরানো গাড়ি বিক্রি করে সেই টাকা দিয়ে নতুন গাড়ি কেনা ও আধুনিকীকরণের জন্যে সভায় উপস্থিত পরিবহণ দপ্তরের আধিকারিকদের পরামর্শ দেন মুখ্যমন্ত্রী। বলেন, ‘পরিবহণে আর ভর্তুকি নয় ।রাজ্য সরকারের আর টাকা নেই। সে কারণে নিজের পায়ে দাঁড়াতে হবে। পরিবহণে প্রায় ৭৫০ কোটি টাকা ভর্তুকি দিতে হয়’।

### বিস্ফোরক অভিযোগ মুখ্যমন্ত্রীর

## ‘বিজেপি-র নবান্ন অভিযানে ব্যাগে বোমা আনা হয়েছিল’

স্টাফ রিপোর্টার ঃ বিজেপির নবান্ন অভিযানে লোক হয়নি। তাই এই অভিযানকে গুরুত্ব দিতে নারাজ মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তবে এই আন্দোলনের নামে গুন্ডামি করেছে বিজেপি। সরকারি সম্পত্তি ভাঙচুর করেছে। এমনকী বিজেপি কর্মীরা ব্যাগে করে বোমা এনেছিলেন বলেও দাবি করলেন মুখ্যমন্ত্রী। আর তা নিয়ে এখন তোলপাড় রাজ্য-রাজনীতি। ঠিক কী বলেছেন মুখ্যমন্ত্রী? বুধবার তমলুকে প্রশাসনিক বৈঠক করেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। সেখানেই তিনি সাফ বলেন, ‘নবান্ন অভিযানের নামে গুন্ডামি করা হয়েছে। মঙ্গলবারের ঘটনায় মানুষ হয়রানির শিকার হয়েছেন। অনেক পুলিশ আহত হয়েছেন। যারা অশান্তি ছড়িয়েছে তাদের বিরুদ্ধে কড়া ব্যবস্থা নেওয়া হবে। পুলিশ চাইলে গুলি চালাতে পারত। তবে সেটা কাম্য নয়। পুলিশ সংযতভাবে পরিস্থিতি মোকাবিলা করেছে। মমতা বলেন, গণতান্ত্রিক দেশে আন্দোলন করার অধিকার আছে। কিন্তু আন্দোলনের নাম করে ব্যাগে করে বোমা নিয়ে আসব, বন্দুক নিয়ে আসব মাথা ফাটিয়ে দেব, এটা ঠিক নয়। আন্দোলনের নামে বেআইনি কার্যকলাপ বরদাস্ত নয়। সমাজবিরোধীমূলক কাজ রাজনীতির সঙ্গে বেমানান। যারা যারা এই বোমাবাজি করেছে, অগ্নিসংযোগ ঘটিয়েছে, তাদের বিরুদ্ধে পুলিশ পুলিশের মতো করে ব্যবস্থা নেবে।’ মঙ্গলবার বিজেপি-র হামলার শিকার হন কলকাতা পুলিশের অ্যাসিস্ট্যান্ট কমিশনার দেবজিৎ চট্টোপাধ্যায়। লাঠি দিয়ে পেটানো হয় তাঁকে। গুরুতর আঘাত লাগে চোখে, হাতে। সে প্রসঙ্গ উল্লেখ করে এদিন মুখ্যমন্ত্রী বলেছেন, ‘দেবজিতকে কী ভাবে মেরেছে! তার অস্ত্রোপ্রচার করতে হবে। পুলিশ ইচ্ছে করলে গুলি চালাতে পারত। কিন্তু, সেটা কাম্য নয়। পুলিশ অনেকটা শান্তিপূর্ণ ভাবে সবটা নিয়ন্ত্রণের চেষ্টা করেছিল। কিন্তু, সব ক্ষেত্রে তা করতে পারেনি। পুলিশের গাড়িতে ভাঙচুর, আগুন ধরানো হয়েছে।’ এদিকে মুখ্যমন্ত্রীর এমন কথায় তীব্র সরব হয়েছেন আইনজীবি তথা বাম সাংসদ বিকাশ রঞ্জন ভট্টাচার্য। তাঁর অভিযোগ, সরকারের দুর্নীতির বিরুদ্ধে বিক্ষোভকারীদের এবার প্রচ্ছন্নে গুলি করে মারার হুঁশিয়ারি দিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তবে শুধু যে মমতা একা নন, এদিন অভিষেক বন্দোপাধ্যায়ও বিস্ফোরক মন্তব্য করেন। আহত পুলিস কর্তাকে দেখতে হাসপাতালে গিযে অভিষেক বলেন, দেবজিতবাবুর জায়গায় আমি থাকলে মাথার মাঝখানে গুলি করতাম।

## মারধর ঃ তৃণমূলের প্রতিবাদী মিছিল

স্টাফ রিপোর্টার ঃ তৃণমূল নেত্রীর পোস্টার ও ব্যানার ছেঁড়ার প্রতিবাদ করে মঙ্গলবার আক্রান্ত হয়েছিলেন তমলুকের রঘুনাথপুর ২ গ্রাম-পঞ্চায়েতের প্রধান তারক জানা। বিজেপি--র সেই হামলার প্রতিবাদে বুধবার সন্ধ্যায় মিছিল সংগঠিত করল তৃণমূল। সোনাপেত্যা টোলপ্লাজা থেকে মিছিল শুরু করে তা পরিক্রমা করে গোটা রঘুনাথপুর বাজার। নেতৃত্ব দেন তমলুক সাংগঠনিক জেলা তৃণমূলের সভাপতি সৌমেন মহাপাত্র, নন্দকুমারে বিধায়ক সুকুমার দে প্রমুখ।

## পার্থ চট্টোপাধ্যায়ের স্ত্রীর নামাঙ্কিত পিংলার সেই স্কুলে ইডির হানা

স্টাফ রিপোর্টার ঃ পশ্চিম মেদিনীপুরের পিংলার গোপীনাথপুর (খিরীন্দা মৌজা) এলাকায় অবস্থিত অভিজাত বি.সি.এম মেমোরিয়াল ইন্টারন্যাশনাল স্কুলে হানা দিলেন ইডি আধিকারিকরা। বুধবার বিকেল ৩ টা ২০ নাগাদ স্কুলে এসে পৌঁছান চার সদস্যের তদন্তকারী দল। জানা যায়, এই বি.সি.এম মেমোরিয়াল ইন্টারন্যাশনাল স্কুল আসলে প্রাক্তন শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়ের স্ত্রী বাবলি চট্টোপাধ্যায়ের নামাঙ্কিত। যে স্কুলের মালিক নাকি তাঁর জামাই কল্যাণময় ভট্টাচার্য। যদিও, তিনি বিদেশে থাকেন এবং স্কুল দেখাশোনার দায়িত্ব পালন করে থাকেন তাঁর মামা কৃষ্ণপ্রসাদ অধিকারী। উল্লেখ্য যে, গত ২২ জুলাই (পার্থ চট্টোপাধ্যায় ও অর্পিতা মুখার্জির গ্রেপ্তারির দিনে) এই কৃষ্ণপ্রসাদের খিরিন্দার বাড়িতে কেন্দ্রীয় আয়কর দপ্তরের ৫ জনের প্রতিনিধিদল হানা দিয়েছিল। সকাল ৮ থেকে রাত্রি ৮ টা পর্যন্ত তল্লাশি চালিয়ে প্রচুর ফাইল ও কাগজপত্র নিয়ে গিয়েছিলেন তাঁরা। টানা জিজ্ঞাসাবাদে অসুস্থ-ও হয়ে পড়েছিলেন কৃষ্ণপ্রসাদ ।

## উত্তমের হাত ধরে উন্নয়ণে নামছে পূর্ব মেদিনীপুর জেলা পরিষদ

স্টাফ রিপোর্টার ঃ বাংলার বাড়ি ও গ্রামীণ রাস্তা তৈরী বা সংস্কারে বেশি গুরুত্ব দিবেন পূর্ব মেদিনীপুর জেলা পরিষদের নবনির্বাচিত সভাধিপতি উত্তম বারিক। তিনি বলেন এত বড় দায়িত্ব আগে কোনদিন পালন করিনি। জেলা জুড়ে তৃণমূল নেতৃত্বকে সঙ্গে নিয়ে উন্নয়নের কাজ নতুন করে শুরু হবে। বুধবার নন্দীগ্রাম-২ ব্লকের খোদামবাড়ি গ্রাম পঞ্চায়েতের রেয়াপাড়ায় তৃণমূল কংগ্রেসের পক্ষ থেকে নতুন সভাধিপতিকে সম্বর্ধনা দেওয়া হয়। এই অনুষ্ঠানে বক্তব্য দিতে গিয়ে উত্তমবাবু আরো বলেন নেত্রী মমতা ব্যানার্জী পঞ্চায়েত নির্বাচনের আগে জমে থাকা সব উন্নয়নের কাজ শেষ করার নির্দেশ দিয়েছেন। জেলা পরিষদ সেই পথে এগাবে। এদিনের সম্বর্ধনা সভায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন মহাদেব দাস, পরিতোষ জানা, মালবিকা মাইতি, সঞ্চিতা দে প্রমুখ। সম্বর্ধনা অনুষ্ঠানের শেষে সভাধিপতি স্থানীয় মন্দিরগুলিতে পূজা দিয়ে জেলাবাসীর মঙ্গল কামনা করেন।

### ২০ সেপ্টেম্বর ‘ধর্মতলা চলো’

## বাম কর্মসূচীর সমর্থনে মারিশদায় ডিওয়াইএফআইর মিছিল ও সভা

স্টাফ রিপোর্টার ঃ ডিওয়াইএফআইর ডাকে আগামী ২০ সেপ্টেম্বর ‘ধর্মতলা চলো’ কর্মসূচী। কর্মসূচীকে সফল করতে বুধবার ডিওয়াইএফআই-র পূর্ব মেদিনীপুর জেলা কমিটির ডাকে মারিশদা বাজারে মিছিল ও সভা অনুষ্ঠিত হয়। এদিন বেশ কিছু সময় জাতীয় সড়ক অবরোধ করা হয়। এদিন কাঁথি মহকুমার বিভিন্ন লোকাল কমিটির নেতৃত্বরা এই কর্মসূচীতে সামিল হন। আনিস হত্যার ইনসাফের দাবীতে, সবার শিক্ষা ও কাজের দাবীতে, দূর্নীতিগ্রস্ত নেতাদের দৃষ্টান্তমূলক শাস্তি সহ নানা দাবীতে ২০ তারিখের ধর্মতলায় সভা রয়েছে। এদিনের কর্মসূচীতে উপস্থিত ছিলেন ডিওয়াইএফআইর জেলা কমিটির সম্পাদক ইব্রাহিম আলি, সভাপতি সুকুমার মৈশাল, সম্পাদক মণ্ডলীর সদস্য মনিরুল ইসলাম, জেলা সম্পাদক মণ্ডলীর সদস্য ঝাড়েশ্বর বেরা, সাবির আলি শাহ, সৌমেন পাল সহ নেতৃত্বরা। সভাপতিত্ব করেন গোপাল পয়ড়্যা।

## তৃণমূল প্রধানকে মারধরে জামিন নাকচ ৯ বিজেপি কর্মীর

স্টাফ রিপোর্টার ঃ তৃণমূল প্রধানকে মারধরের ঘটনায় ধৃত বিজেপি কর্মীদের জামিন নাকচ। মঙ্গলবার বিজেপির নবান্ন অভিযান ঘিরে কার্যত উত্তপ্ত হয়ে ওঠে পূর্ব মেদিনীপুর। গ্রেফতার করা হয়েছিল এই ৯ বিজেপি কর্মীকে।

মঙ্গলবার বিজেপির নবান্ন অভিযান ঘিরে ধুন্ধুমার হয় হাওড়া, সাঁতরাগাছিতে। পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে পূর্ব মেদিনীপুরেও। অভিযোগ নবান্ন যাওয়ার পথে মেচেদার অদূরে সোনাপাতা টোলপ্লাজার কাছে তৃণমূল পঞ্চায়েত প্রধানকে মারধর করেন বিজেপি কর্মীরা। এই ঘটনায় উদ্বেগ প্রকাশ করে খোদ মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। ঘটনায় যুক্ত থাকার অভিযোগে ৯ জন বিজেপি কর্মী-সমর্থককে গ্রেফতার করে তমলুক থানার পুলিশ। বুধবার অভিযুক্তদের তমলুক আদালতে হাজির করা হয় । এদিন তাদের জামিন নাকচ করে দেয় বিচারক। বিজেপি কর্মী-সমর্থক গ্রেফতারের পর মুখে কুলুপ এঁটেছে রাজ্য বিজেপি নেতৃত্ব।

জানা গেছে মঙ্গলবার সকালে বিজেপি নবান্ন অভিযানের জন্য রওনা দিয়েছিলেন তমলুক থেকে বেশ কয়েকজন বিজেপি কর্মী-সমর্থক । আহত তৃণমূল পঞ্চায়েত প্রধানের অভিযোগ তমলুক রাধামনি টোলপ্লাজার কাছে মুখ্যমন্ত্রীর পোস্টার ছিঁড়ে দেওয়া হয়। প্রতিবাদ করেন তিনি। এরপরই রঘুনাথপুর ২ গ্রাম পঞ্চায়েতের তৃণমূল প্রধান তারক জানাকে মারধর শুরু করেন বিজেপি কর্মী- সমর্থকরা। ছিঁড়ে দেওয়া হয় পরনের জামা। ঘটনাস্থল থেকে আহত পঞ্চায়েত প্রধানকে উদ্ধার করে তমলুক থানার বিশাল পুলিশ বাহিনী। জখম পঞ্চায়েত প্রধানকে স্থানীয় একটি হাসপাতালে ভর্তি করা হয়।

তৃণমূলের প্রধান তারক জানাকে কলকাতার পিজি হাসপাতালে নিয়ে যাওয়া হবে বলে জানা গেছে। বুধবার দুপুরে তমলুকের নিমতৌড়ি প্রশাসনিক ভবনে আহত প্রধান তারক জানার খোঁজখবর নেন মুখ্যমন্ত্রী। জেলা প্রশাসনের আধিকারিকদের নির্দেশ দেন তাঁকে দ্রত কলকাতার পিজি হাসপাতালের স্থানান্তরিত করার জন্য। বাকি অভিযুক্তদের সন্ধানে সিসিটিভি ফুটেজ খতিয়ে দেখছে পুলিশ। ঘটনার প্রতিবাদে পথে নেমেছে জেলা তৃণমূলও।

## শুভেন্দুকে শ্লীলতাহানির মামলায় ‘ফাঁসানোর’ ছক কষেছিল কলকাতা পুলিশ, দাবী বিজেপি-র

স্টাফ রিপোর্টার ঃ পরিকল্পিকভাবেই শুভেন্দু অধিকারীর দিকে ‘লেডি বাহিনী’কে ঠেলে দেওয়া হয়েছিল। উদ্দেশ্য ছিল, শুভেন্দুকে শ্লীলতাহানির মামলায় ‘ফাঁসানোর’। এমনটাই দাবি বিজেপি শিবিরের। একই সঙ্গে শুভেন্দু যেভাবে অঘটনের আঁচ পেয়ে নিজেকে ‘ট্র্যাপ’ থেকে দূরে রেখেছিলেন, তাতে শুভেন্দুর তারিফ না করে থাকতে পারছেন না গেরুয়া নেতারা। তবু ঘুরে ফিরে বুধবারও রাজ্য রাজনীতির আলোচনায় উঠে আসছে, ম্যাডাম মেরিকে বলা শুভেন্দুর ওই ‘সংলাপ’ ‘ডোন্ট টাচ মাই বডি’! সোশ্যাল সাইটেও ঘুরছে, হাজারও মিম। যার জেরে, বিড়ম্বনায় বিরোধী দলনেতা।

বিজেপির রাজ্য নেত্রী তথা এরাজ্যের প্রাক্তন আইপিএস ভারতী ঘোষের দাবি, “শুভেন্দুকে শ্লীলতাহানির মামলায় ফাঁসানোর পরিকল্পনা ছিল পুলিশের। সেজন্যই পিটিএসের সামনে যখন ওদের আটকানো হয়, তখন লেডি বাহিনীকে আগিয়ে দেওয়া হয়েছিল। তবে শুভেন্দু ওদের পাতা ফাঁদা পা না দিয়ে ভালই করেছেন।” বস্তুত, মঙ্গলবার ক্রিস্টিনা মেরিকে ‘ডোন্ট টাচ মাই বডি!’ বলার পাশাপাশি শুভেন্দুর কণ্ঠে শোনা গিয়েছিল, ‘আমি আপনাদের বিরুদ্ধে আদালতে যাব’ হুঁশিয়ারিও। এদিনই সেই ধারা অব্যাহত। বস্তুত, শুধু রাজনীতির অন্দরে মহলে নয়, বিষয়টি নিয়ে এদিন জোর চর্চা চলছে পুলিশের অন্দরমহলেও। আলোচনার কেন্দ্রবিন্দুতে কলকাতা পুলিশের সাব ইন্সপেক্টর ক্রিস্টিনা মেরি। কারণ, গ্রেফতারির সময় শুভেন্দুকে তিনিই স্পর্শ করেছিলেন। এদিকে মহিলা



সেই পুলিশ কর্মী ক্রিস্টিনা মেরি।

পুলিশ গায়ে হাতে দেওয়া বিতর্কে রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী সম্পর্কে তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ের ‘নিম্নরুচির’ মন্তব্য করেছেন বলে অভিযোগ করলেন বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার। বিজেপির মঙ্গলবারের নবান্ন অভিযানে পুলিশের উপর আক্রমণের ঘটনা নিয়ে বুধবার বিকেলে অভিষেক শুভেন্দুকে ‘পুরুষ পছন্দ করা নেতা’ বলে মন্তব্যের পরেই সাংবাদিক বৈঠক করে এই অভিযোগ করেন বিজেপির রাজ্য সভাপতি। সুকান্ত বলেন, ‘‘আজকে অভিষেক বন্দ্যোপাধ্যায় আমাদের বিরোধী দলনেতাকে নিয়ে যে ধরনের নিম্নরুচির কথাবার্তা বলেছেন, ‘বিলো দ্য বেল্ট হিট’ করেছেন, তা তাঁর শিক্ষা ও সংস্কৃতির পরিচয়বাহক।’’

### শুভেন্দুর ‘ডোন্ট টাচ’ মন্তব্যে তোপ অভিষেকের

স্টাফ রিপোর্টার ঃ উনি বলছেন আই অ্যাম মেলস। ইউ আর লেডি। আবার লালবাজারে গিয়ে লাইভ করে বলেছেন মহিলাদের আমরা মা দুর্গার চোখে দেখি। তাহলে লেডি পুলিশ তাঁর গায়ে হাত দিলে আপত্তি কোথায়? রাজ্যজোড়া বিতর্কের মধ্যেই রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর বিরুদ্ধে এমন প্রশ্ন ছুড়ে দিলেন তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। একইসঙ্গে সারদা-নারদা নিয়েও নন্দীগ্রামের সাংসদের বিরুদ্ধে তীব্র আক্রমণ শানালেন তৃণমূলের সেকেন্ড-ইন-কমান্ড। পাশাপাশি অভিষেকের প্রশ্ন, আপনি যদি মহিলাদের মা দুর্গা হিসাবে দেখেন তাহলে মমতা বন্দ্যোপাধ্যায়কে ফুফু, খালা, বুড়ি বলেন কেন?

## বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মৃত্যু যুবকের

স্টাফ রিপোর্টার ঃ বাইকে চেপে বাড়ি যাওয়ার পথে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মর্মান্তিক মৃত্যু হল এক যুবকের। মৃত যুবকের নাম শেখ রফিকুল আলি (২০)। তার বাড়ি ভগবানপুরের হিঞ্চাগেড়িয়া গ্রামে। বিবরণে জানা গেছে, মঙ্গলবার রাত ৯টা নাগাদ চণ্ডীপুর থেকে বাইকে পরে হিঞ্চাগেড়িয়ায় নিজের বাড়ি ফিরছিলেন। সেই সময় একটি জায়গায় গর্তে চাকা পড়ে রাস্তায় ছিটকে পড়েন ওই যুবক। সেখানে কাটা তারের উপর পড়েন তিনি। বিদ্যুৎস্পৃষ্ট হয়ে গুরুতর জখম হন তিনি। খবর পেয়ে বাড়ির লোকজন ও স্থানীয়রা তাকে হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক মৃত বলে জানান। পুলিশ দেহটি ময়না তদন্তে পাঠায়।

## কাঁথি শহরে এক ব্যবসায়ীর ১ লক্ষ টাকা কেপমারি

স্টাফ রিপোর্টার ঃ বুধবার দিনেদুপুরে কাঁথি শহরে কেপমারির ঘটনা ঘটে। কেপমারিতে এক ব্যবসায়ীর ১ লক্ষ টাকা, মোবাইল ফোন, চেক বুক সহ গুরুত্বপূর্ণ কাগজপত্র খোওয়া গিয়েছে। এদিন কাঁথি ক্যালটেক্স মোড় সংলগ্ন কংগ্রেস অফিসের কাছে ঘটনাটি ঘটে। বিবরণে জানা গেছে, এদিন স্থানীয় একটি দোকানের মালিক শান্তনু সাউ স্টেট ব্যাঙ্কের স্কুলবাজার শাখা থেকে ১ লক্ষ টাকা তোলেন। এরপর বাইকে চেপে দোকানের সামনে এলে টাকার ব্যাগটি বাইকের হ্যাণ্ডেলের সামনে ঝুলিয়ে দেন। তারপর কংগ্রেস অফিসের সামনে দাঁড়ান। সেই মূহুর্তে নম্বরবিহীন পালসার গাড়িতে বসা দুই যুবক নিমেষের মধ্যে এসে হ্যাণ্ডেলে ঝোলানো ব্যাগটি টান মেরে নিয়ে পালায়। বাইক চালকের এবং আরোহীর মাথায় হেলমেট ছিল। এদিকে ঘটনার পর দোকানদার শান্তনু সাউ এনিয়ে কাঁথি থানায় অভিযোগ জানান। পুলিশ সিসিটিভির ফুটেজ খতিয়ে দেখে দুষ্কৃতিদের ধরতে তল্লাশি শুরু করেছে।

## ২৬ শে মাজনায় আসছেন মিনাক্ষী

স্টাফ রিপোর্টার ঃ বামেদের একাধিক সংগঠনের আহ্বানে আগামী ২০ সেপ্টেম্বর কলকাতার ধর্মতলায় বড় সমাবেশের ডাক দেওয়া হয়েছে। রাজ্য জুড়ে এর প্রচার শুরু করেছে সিপিএম। বুধবার নন্দীগ্রাম-১ ব্লকের সরস্বতী বাজারে এই কর্মসূচীর প্রচার করল সিপিএমের ছাত্র সংগঠন ডিওয়াই এফ আই। প্রচার মিছিল এলাকা পরিক্রমা করে। তৃণমূল সরকারের নানা দূর্ণীতি নিয়ে মিছিল থেকে সরব হন সিপিএম সমর্থকরা। এদিকে দক্ষিণ কাঁথি বিধাসভা এলাকায় হারানো জমি পুনরুদ্ধারে মাজনায় আসছেন বর্তমান সিপিমের মুখ মিনাক্ষী মুখার্জী। জানা গেছে আগামী ২৬ সেপ্টেম্বর তিনি মাজনায় প্রকাশ্য সভা করবেন।

## এডুকেশান ফাউণ্ডেশানের প্রশিক্ষণ শিবির

স্টাফ রিপোর্টার ঃ কাজলা জনকল্যাণ সমিতির প্রথম এডুকেশান এর ব্যবস্থাপনায় তিন দিনের একটি প্রশিক্ষণ শিবির শুরু হয়েছে। পূর্ব মেদিনীপুর জেলার ২৫টি ব্লকের ৬০ জন স্বেচ্ছাসেবক ও স্বেচ্ছাসেবিকাকে প্রশিক্ষণ দেওয়া চলছে। সমিতির সম্পাদক স্বপন পণ্ডা এ.এস.ই.আর সম্পর্কে বিশদ আলোকপাত করেন। প্রথম এডুকেশান ফাউণ্ডেশানের পক্ষে দোয়েল স্পাই ও প্রশিক্ষক রয়েছেন সৌরভ ত্রিপাঠী, দেবাশিস পণ্ডা। প্রশিক্ষক প্রাপ্ত কর্মীরা ৩০টি গ্রামে সমীক্ষা করবেন। শিবির সঞ্চালনা করেন জয়ন্ত পণ্ডা।

## বৃদ্ধাশ্রমে জন্মদিন

স্টাফ রিপোর্টার ঃ ভগবানপুর থানার শিউলীপুর উদয়ন ক্লাব অনাথ শিশুদের পরিচর্যা, বৃদ্ধবৃদ্ধাদের আশ্রমিক জীবন যাপনের পথকে সুগম করা, দুঃস্থদের বিনামূল্যে চিকিৎসা প্রদান, প্রাকৃতিক বিপর্যয়ে সাহায্য করা প্রভৃতি কর্মকাণ্ড চালায়। এই সংগঠন মঙ্গলবার বৃদ্ধাশ্রমের আবাসিকদের জন্মদিন পালন করে। উপস্থিত ছিলেন কলকাতার বিশিষ্ট ব্যবসায়ী সুনীল আগরওয়াল। তিনি এই আশ্রমের জন্য সাহায্য করেছেন। তাই এদিন আশ্রমেই ব্যবসায়ী শ্রী আগরওয়ালের ৫৭ তম জন্মদিন পালন করা হয়। তিনি বৃদ্ধ বৃদ্ধাদের হাতে নতুন বস্ত্র তুলে দেন। ধন্যবাদ জানান ক্লাবের সম্পাদক বিষ্ণুপদ গুচ্ছাইত। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন তরুন কুমার সামন্ত। উপস্থিত ছিলেন বনবিহারী প্রধান, ক্লাবের সহ সভাপতি নমিতা মণ্ডল, সভাপতি বিভাস চন্দ্র দীণ্ডা প্রমুখ।

## প্রতীক্ষালয়ের দাবী

স্টাফ রিপোর্টার ঃ জনবহুল ও ব্যস্ততম বাস স্ট্যাণ্ড হওয়া সত্বেও নেই কোন যাত্রী প্রতীক্ষালয়। রোদ, জল মাথায় নিয়ে বাস ধরার জন্য অপেক্ষা করতে হয় যাত্রীদের। রোদ ও জলে ভরসা স্ট্যাণ্ডে থাকা দোকান। খেজুরীর বাঁশগোড়া বাজারে যাত্রী প্রতীক্ষালয় করার দাবী দীর্ঘদিনের। সিপিএম ও তৃণমূল কোন রাজ্য সরকারের আমলে সেই দাবী পূরণ হয়নি। সামান্য যাত্রী প্রতীক্ষালয় কেন এতদিন তৈরী করা যায়নি প্রশ্ন তুলেছেন নিত্যযাত্রীরা।

## বিরল প্রজাতির কচ্ছপ খেজুরীতে

স্টাফ রিপোর্টার ঃ খেজুরীর বাহারগঞ্জে উদ্ধার হওয়া বিরল প্রজাতির কচ্ছপ তুলে দেওয়া হল বন দপ্তরের হাতে। গ্রামের পবিত্র দাস, সৌমিত্র দাস, মানুয়ারা বিবি, সোনালী বেরা কচ্ছপগুলি উদ্ধার করেন। তারা কচ্ছপগুলি বনদপ্তরের হাতে তুলে দেওয়ার ইচ্ছা প্রকাশ করেন। স্বেচ্ছাসেবী সংগঠন অবলার মাধ্যমে কচ্ছপগুলি বনদপ্তরের হাতে তুলে দেওয়া হয়। বাজকুল ফরেস্ট রেঞ্জ অফিসার শমীক জানা ও হিজলী নিজকসবা ফরেস্ট বিট অফিসার সৌরভ কর্মকার জানান কচ্ছপগুলিকে বনদপ্তরের নির্দ্ধারিত জলাশয়ে ছেড়ে দেওয়া হয়েছে। লুপ্তপ্রায় প্রাণীদের রক্ষায় গ্রামবাসীদের এই সচেতনতার প্রশংসা করা হয়।

## পুরুলিয়া আশ্রমে জনতার অন্নপূর্ণা

স্টাফ রিপোর্টার ঃ এগরার উই কেয়ারের উদ্যোগে জনতার অন্নপূর্ণা কর্মসূচীতে রাতের খাবার খাওয়ানো হল পুরুলিয়ার শবর আশ্রমের বাচ্চাদের। উই কেয়ারের শুভানুধ্যায় সুদীপ্তা চৌধুরী তার ছেলে অর্জুনের জন্মদিন উপলক্ষ্যে বাচ্চাদের খাওয়ানোর ইচ্ছা প্রকাশ করেন। উই কেয়ার জনতার অন্নপূর্ণা নামে একটি প্রকল্প বহুদিন থেকে শুরু করেছে। সেই প্রকল্পের মাধ্যমে বুধবার শবর আশ্রমের বাচ্চাদের খাওয়ানো হয়। উই কেয়ারের উজ্জয়িনী ব্যানার্জী জানান, এদিনের মেনু ছিল মাংস-ভাত।

### সেলসম্যান চাই

কাঁথিতে ডিস্ট্রিবিউটারের নিকট কাজের লোক চাই। বেতন আলোচনা সাপেক্ষ। সত্ত্বর যোগাযোগ -

7583967394
6296771318

## বড়রাঙ্কুয়া গ্রামীণ হাসপাতালে বিভিন্ন সংস্থার পরিচালনায় জাতীয় পুষ্টি সপ্তাহ পালন

স্টাফ রিপোর্টার ঃ বুধবার রামনগর-২ ব্লকের বড়রাঙ্কুয়া গ্রামীণ হাসপাতালে জাতীয় পুষ্টি সপ্তাহ উপলক্ষ্যে হেলদি বেবি ও হেলদি নেশন শীর্ষক সেমিনারের আয়োজন করা হয়েছিল। সেমিনারে উপস্থিত ছিলেন বিএমওএইচ ডাঃ আবু সুফিয়ান, বিপিএইচএন কাঞ্চন সারঙ্গী, এসপিএইচএন নমিতা মাইতি দীণ্ডা, ফুড অফিসার রনিতা সরকার, সি এইচ ও অঞ্জলি ভুঁইয়া, হেলথ সুপারভাইজার ছবি বর, এইচডিএফসি লাইফের প্রতিনিধি সুব্রত রায়, তেজস্বিনী সরকার প্রমুখ। সেমিনারে সটিলাপুর, বালিসাই ও দেপাল পঞ্চায়েতের স্বাস্থ্য সহায়িকারা অংশ নেন। ফেজ থ্রি প্রজেক্ট, এইচডিএফসি লাইফ এর আর্থিক সহায়তায় এবং বন্ধন কোন্নগর এর পরিচালনায় এদিনের কর্মসূচী অনুষ্ঠিত হয়। বক্তারা বলেন, স্বাস্থ্যবান শিশু হলেই সম্পদশালী জাতি গড়ে উঠবে। তাই শিশুদের পুষ্টির উপর বিশেষভাবে জোর দিতে হবে। তার জন্য মায়েদের সর্বাগ্রে পুষ্টিকর খাবার এবং স্বাস্থ্য দপ্তর নির্দেশিত নিয়মাবলী মেনে চলতে হবে। এদিনের কর্মসূচী পরিচালনা করেন প্রসেনজিৎ পাণ্ডে, দিপালী পুরকাইৎ সহ অন্যান্যরা।

### ।। বিজ্ঞপ্তি ।।

আমি শ্রী চিরঞ্জিত কুন্ডু, পিতা- রঞ্জিত কুন্ডু, পোস্ট এবং থানা-মেদিনীপুর, জেলা-পশ্চিম মেদিনীপুর, আপনার এলাকাস্থিত পটাশপুর দু'নম্বর ব্লকের খাড় মৌজায় ৮৪ নং জে. এল. ভুক্ত ১২২১/৪৫৭৭ দাগের ১৭৬২৪ নম্বর খতিয়ানের ৩ ডেসিমেল এবং ১৭৫৯২ নম্বর খতিয়ানের ৩.৫ ডেসিমেল, সর্বোপরি ৬.৫ ডেসিমেল জায়গা ক্রয় করিতে ইচ্ছুক। ইহার সহিত বিক্রেতা ধনঞ্জয় পাহাড়ি এবং মানিক পাহাড়ি-র কাছে চুক্তি অনুযায়ী ৫০,০০০ টাকা নগদ ক্যাশ অগ্রিম জমা দিয়েছি। আপনার এলাকায় উক্ত দাগের বিষয়ে কাহারো কোনরকম সমস্যা রহিলে আগামী সাত দিনের মধ্যে ১৯/০৯/২০২২-এর মধ্যে আমার আইনজীবী সুশান্ত মাইতি (ফোন-৯০০২৬৬৭৪৭৮) মহাশয়-এর নিকট আপনার অভিযোগ জানাতে পারেন।

### ।। ঘর ভাড়া ।।

থানা পুকুরের কাছে দুই বেডরুম, কিচেন, টয়লেট, বারান্দা, প্যাসেজ (টাইলস্) পাম্পের জলসহ ঘর ভাড়া আছে। সরকারী, ব্যাঙ্ক, টিচার নিজে যোগাযোগ করুন।

**Mob.- 7583967434 / 9434108675**

### খুশি আপনার দ্বারে

প্রধান কার্যক্রম ঃ—
* সচেতনতা সৃষ্টির আদি মধ্য অন্তের জ্ঞান।
* ব্যক্তিত্ব বিকাশ - ক্রোধ, হিংসা, নেশামুক্তি
* একাগ্রতা স্মরণ শক্তি বিকাশ।
* মন এবং শরীরের ব্যায়াম।
* রাজযোগ মেডিটেশন।

বক্তা— **বি.কে. মহেশ প্রসাদ**
তাং- ১৫ সেপ্টেম্বর ২০২২ (বৃহস্পতিবার)
সময়- বিকাল ৪টা থেকে ৯টা।
স্থান- বীরেন্দ্র মেমোরিয়াল টাউন হল (কাঁথি)
পরিচালনায়- প্রজাপিতা ব্রহ্মকুমারী ঈশ্বরীয় বিশ্ব বিদ্যালয়
মোঃ-৯৭৩৩৫৯৪৪৪২ / ৯০০২৮৬২৫৯৯
(প্রবেশ অবাধ)

## HALDIA INSTITUTE OF HEALTH SCIENCES

(An Institution of ICARE) Estd. 2003

ICARE Complex, P.O. - Hatiberia, Haldia, Dist.- Purba Medinipur, West Bengal, India, PIN: 721657.
Phone: +91 (03224) 255968/9800570389; **Email- principalhihs@gmail.com/ hihshaldia@yahoo.co.in**
FOR MORE DETAILS VISIT OUR WEBSITE : **www.hihshaldia.in**

20 years of Academic Excellence

***Recognized by:***
**(1) U G C under section 2(f) Act, 1956, MHRD, Govt. of India**
**(2) Directorate of Medical Education (DME), Swasthya Bhawan, Govt. of W.B.**
**(3) Directorate of Higher Education, Bikash Bhavan, Govt. of W.B.**




● 17 acres sprawling eco friendly, self contained green campus ● Play Ground, ATM, Nationalized Bank, Post Office, Canteen & Cafeteria, Book Shop, Stationery shop, 250 seated seminar hall Conference Hall and Smart Classroom within Campus. ● Free Wi-Fi and CCTV in campus ● In Campus Girls Hostel ● Boys Hostel just near (with in 1 km distance) to the college Campus

**JENPAS(UG) 2022-23**

**A) DEPARTMENT OF MEDICAL LABORATORY TECHNOLOGY:**
- M.Sc. in Medical Laboratory Technology in Biochemistry
- M.Sc. in Medical Laboratory Technology in Microbiology
- Bachelor in Medical Laboratory Technology (BMLT)
- B.Sc. in Central Sterilization & Infection Control (Upcoming Session 2022-23)
- Diploma in Medical Laboratory Technology (DMLT)

**B) DEPARTMENT OF PHYSIOTHERAPY:**
- Master of Physiotherapy in Orthopedics
- Master of Physiotherapy in Neurology
- Bachelor of Physiotherapy ( BPT)

**C) DEPARTMENT OF SCIENCE & MANAGEMENT**
- Master of Hospital Administration (MHA)
- B.Sc. Physician Assistant
- B.Sc. Operation Theatre Technology
- B.Sc. Critical Care Technology
- B.Sc. Radiology & Imaging Technology (Upcoming session 2022-23)
- Diploma in Operation Theatre Technology (DOTT)
- Diploma in Radiography (Diagnostic)

**D) DEPARTMENT OF NUTRITION**
- M.Sc. in Applied Nutrition
- B. Sc Nutrition (Honours)

CAREER PROSPECTS

Proud to say that not a single student is unemployed after successful completion of their course. All the courses conducted by this Institute are job oriented Professional, self dependent courses. After successful completion of the course, our students are recruited in AIIMS, Railway, Army, Navy, Air force, Different central and State Govt. Hospitals, Medical Colleges, Different Private & Corporate Hospital and Diagnostic centre , Corporation and Municipality health units, NACO, NHRM etc. Students can also open his/her own laboratory / Clinic/Chamber.

**REASONS TO OPT FOR THIS INSTITUTE**

■ Highly trained and qualified faculties (NET/SET/PhD/Post. Doc) ■ Faculty: Student ratio is maintained as per Govt. rules & regulations. ■ Research Based Teaching & Smart Class Room ■ Well equipped & 7 Ultra Modern Laboratories & Clinic in campus ■ Separate Girls & Boys Hostel with security, canteen, power back up facilities etc. ■ Play Ground, ATM, Nationalized Bank, Post Office, Canteen & Cafeteria, Book Shop, Stationery shop, 250 seated seminar hall in campus ■ Ragging free ambience & CCTV in campus ■ Placement assistance ■ Focus on arranging conference, Seminars & Workshops, different health camp, social survey at a regular interval. ■ Annual Sports & Cultural Competition ■ Annual College Fest & Alumni Meet ■ Special Attention /Class for slow learners. ■ Campus Interview Facility also available ■ Academically attached with Haldia Medical College, Dental college & Haldia Institute of Technology ■ State-of-the-art Library & more than 5000 books & journals with internet facilities ■ Clinically attached with its own 500 bedded Dr. B.C. Roy Hospital, Haldia, Haldia Sub Divisional Hospital & District Hospital and also other private Superspecialty Hospitals.

**FOR ADMISSION CONATCT :**
**Pintu Pal (9153294484), Subhankar Patra (9641717084)**




তীরভূমি অফসেট প্রিন্টিং প্রেস, "তীরভূমি ভবন" কাঁথি, পূর্ব মেদিনীপুর হইতে মুদ্রিত ও প্রকাশিত। প্রকাশক ও সম্পাদক—অসীম কুমার জানা PR No-S.P.-C.T.I./03/22-24 RNI No-37279/81
Printed, Published & Owned by **Asim Kumar Jana** and Printed from **Teerbhumi Printing Press,** Hatabari, P.O.-Contai, Dist- Purba Medinipur(W.B.) Published from Contai, Purba Medinipur (W.B.) Editor-Asim Kumar Jana.